



059

**পাকশীতে প্রাথমিক শিক্ষক
অধিবেশনে কাজী জাফর
শিক্ষকরাই জাতিকে
আদর্শ শিক্ষায় শিক্ষিত
করতে পারেন**

॥ সংবাদদাতার টেলিফোন ॥

ঈশ্বরদী, ৪ নভেম্বর।— প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা ও উপ-প্রধানমন্ত্রী জনাব কাজী জাফর আহমদ বলেছেন, শিক্ষকরা হচ্ছেন মানুষ গড়ার কারিগর, জাতির কণ্ঠস্বর, সমাজের সম্মানীয় ও পরম পূজনীয়। কেবল শিক্ষকরাই জাতিকে আদর্শ শিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে পারেন। তাই সরকার এদেশের ঘুণেঘরা শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তন করে শিক্ষকদের সর্বোচ্চ সম্মান দেবে।
শেষ পৃ: ৪-এর ক: দেখুন

কাজী জাফর

প্রথম পৃষ্ঠার পর প্রদান করেছেন। আজ ঈশ্বরদীর পাকশী হাসেম আলী মিলনায়তনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিনিধি পরিষদের বিশেষ অধিবেশনে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন। তিনি বলেন, যে জাতি শিক্ষকদের শ্রদ্ধা করতে জানে না, সে জাতি কখনো সভ্য জাতি হিসেবে স্বীকৃত হতে পারে না। বর্তমান সরকার শিক্ষকদের সবচেয়ে বেশী মর্যাদা প্রদান করে এবারের বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ প্রদান করেছেন। মন্ত্রী আরো বলেন, প্রাথমিক শিক্ষকগণ দারিদ্র্যের সাথে লড়াই করে জীবনের মূল্য দিয়ে শিক্ষার আলো ছড়িয়ে যাচ্ছেন। অথচ তাদের জন্য কোন চিকিৎসা ব্যবস্থা নেই। মহামান্য প্রেসিডেন্ট-বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় কক্সবাজারে একটি বড় ধরনের হাসপাতাল নির্মাণের কথা বিবেচনা করছেন। জনাব জাফর দু'হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে সরকার কর্তৃক আরো ৭ হাজার প্রাথমিক বিদ্যালয়কে সরকারী করার কথা উল্লেখ করেন। তিনি শিক্ষাক্ষেত্রে শিক্ষিকাদের অবদানের কথা উল্লেখ করে বর্তমানের চেয়ে দ্বিগুণ শিক্ষিকা নিয়োগের উপর গুরুত্ব আরোপ করেন। প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক জনাব আবুল কালাম আযাদ সম্মেলনে সভাপতিত্ব করেন।